

নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষ্যে নির্ধারিত তারিখে যানবাহন চলাচলের উপর
নিষেধাজ্ঞা আরোপ সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তিঃ

১৬/০৭/২০১৯ খ্রিস্টাব্দ তারিখের সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ প্রজ্ঞাপন নং -৩৫.০০.০০০০.০২০.০০৯.০৭৭.১৭-৩৯২ এর নির্দেশনা মতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এর নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন আগামী ২৫ জুলাই ২০১৯ তারিখ অনুষ্ঠিত হবে। ১৯৮৩ সালের মোটর ভেহিক্যালস অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)- এর ৮৮ ধারা অনুযায়ী নারায়ণগঞ্জ জেলার কাঞ্চন পৌরসভার সাধারণ নির্বাচন উপলক্ষ্যে ভোট গ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৪ জুলাই, ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা হতে ২৫ জুলাই, ২০১৯ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নির্দেশক্রমে নিষেধাজ্ঞা আরোপ করা হ'লঃ

- | | | |
|---------------------------------------|------------|--|
| (১) বেবী ট্যাক্সি/ অটোরিক্স/ ইজি বাইক | (৫) পিক আপ | (৯) টেম্পো |
| (২) ট্যাক্সি ক্যাব | (৬) কার | (১০) ইজিবাইক এবং স্থানীয় পর্যায়ের
বিভিন্ন যন্ত্রচালিত যানবাহন |
| (৩) মাইক্রোবাস | (৭) বাস | |
| (৪) জীপ | (৮) ট্রাক | |

০২. এছাড়া, ২৩ জুলাই ২০১৯ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০টা হতে ২৬ জুলাই ২০১৯ তারিখ মধ্যরাত পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করা হ'ল।

০৩. এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/ তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/ বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/ বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনী কাজে নিয়োজিত কর্মকর্তা- কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরি কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরি পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরি প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

পরিচালক (এনফোর্সমেন্ট)

যুগ্ম সচিব

বিআরটিএ, সদর কার্যালয়, ঢাকা

ফোনঃ ৫৫০৪০৭১৪